

# New York Medicaid, Child Health Plus এবং Essential Plan-এর গুরুত্বপূর্ণ পরিবর্তনগুলি।

আপনার বা আপনার পরিবারের কোনো সদস্যের কি New York State Medicaid, Child Health Plus অথবা Essential Plan এর স্বাস্থ্যবিমা আছে? [2023 এর বসন্তকাল থেকে, New York State এই প্রোগ্রামগুলিতে নথিভুক্ত ব্যক্তিদের যোগ্যতা পর্যালোচনা](#) এবং পুনর্নবীকরণ করা পুনরায় শুরু করবে। এর মানে হল আপনার স্বাস্থ্যবিমা বা আপনার পরিবারের সদস্যদের বিমা পুনর্নবীকরণ করার জন্য আপনাকে পদক্ষেপ নিতে হতে পারে।

এখানে কিছু জিনিস আছে যা আপনি প্রস্তুতির জন্য এখনই করতে পারেন।

## 1) টেক্সট অ্যালার্টের জন্য সাইন আপ করুন

NY State of Health এর SMS/MMS টেক্সট অ্যালার্টগুলি পাওয়ার জন্য সাইন আপ করুন যাতে আপনার কভারেজ পুনর্নবীকরণ করার সময় আসলে সে বিষয় সহ স্বাস্থ্যবিমা সংক্রান্ত গুরুত্বপূর্ণ আপডেটগুলি আপনি হাতছাড়া না করেন।

সাবস্ক্রাইব করতে START লিখে 1-866-988-0327 নম্বরে টেক্সট করুন।

## 2) আপনার ঠিকানাটি যে আপ-টু-ডেট রয়েছে তা নিশ্চিত করুন।

নিশ্চিত করুন যে NY State of Health –এর কাছে আপনার বর্তমান ডাক ঠিকানা, ফোন নম্বর এবং ইমেল ঠিকানা আছে যাতে তারা আপনার স্বাস্থ্যবিমা সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করতে পারে। আপনার তথ্য আপডেট করতে:

- NY State of Health কে 1-855-355-5777 (TTY: 1-800-662-1220) নম্বরে ফোন করুন
- [nystateofhealth.ny.gov](http://nystateofhealth.ny.gov) এ আপনার অ্যাকাউন্টে লগইন করুন, বা
- একজন [নথিভুক্তকরণের সহায়তাকারীর](#) সাথে যোগাযোগ করুন

আপনি যদি Medicaid –এ [your county's Medicaid office or through New York City's Human Resources Administration](#) এর মাধ্যমে নথিভুক্ত হয়ে থাকেন, তাহলে আপনার ঠিকানা এবং যোগাযোগের তথ্য আপডেট করতে সেই অফিসের সাথে যোগাযোগ করুন।

## 3) পদক্ষেপ নিন

আপনার স্বাস্থ্যবিমা পুনর্নবীকরণ করার সময় হলে, আপনি NY State of Health এর থেকে একটি চিঠি পাবেন বা আপনি যদি আপনার কাউন্টির স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ বা নিউ ইয়র্ক সিটি হিউম্যান রিসোর্স অ্যাডমিনিস্ট্রেশনের মাধ্যমে নথিভুক্ত হয়ে থাকেন তাহলে আপনি একটি পুনর্নবীকরণ করার প্যাকেট লাভ করবেন। এই চিঠি/প্যাকেট আপনাকে আপনার কভারেজ পুনর্নবীকরণ করতে কী করতে হবে এবং প্রতিক্রিয়া জানানোর জন্য আপনার কাছে কত সময় আছে তা জানাবে। অবিলম্বে নির্দেশাবলী অনুসরণ করুন।

## আপনি যদি Medicaid, Child Health Plus বা Essential Plan-এর জন্য যোগ্য না হন তাহলে কী হবে?

যদি আপনি বা পরিবারের কোনো সদস্য Medicaid, Child Health Plus বা Essential Plan-এর জন্য আর যোগ্য না হন, তাহলে আপনি NY State of Health-এর মাধ্যমে একটি Qualified Health Plan (QHP)-এ তালিকাভুক্ত হওয়ার যোগ্য হতে পারেন। NY State of Health ব্যাপক সুবিধা সহ বিভিন্ন ধরনের QHP-এর বিকল্প প্রদান করে। আগের চেয়ে অনেক বেশি লোকে তাদের প্রিমিয়ামের পেমেন্ট করতে আর্থিক সহায়তার জন্য যোগ্যতা অর্জন করছেন। আরও জানতে এবং আপনি আর্থিক সহায়তার জন্য যোগ্য কিনা তা দেখতে [nystateofhealth.ny.gov](http://nystateofhealth.ny.gov)-এ যান বা 1-855-355-5777 (TTY: 1-800-662-1220) নম্বরে কল করুন।

## আরো তথ্য পান

- আপনি যদি NY State of Health-এর মাধ্যমে Medicaid, Child Health Plus, বা Essential Plan-এ তালিকাভুক্ত হয়ে থাকেন, তবে আপনার যেকোনো প্রশ্ন থাকলে 1-855-355-5777 (TTY: 1-800-662-1220) নম্বরে কল করুন।
- আপনি যদি [আপনার কাউন্টির Medicaid অফিসের মাধ্যমে বা নিউইয়র্ক সিটির মানব সম্পদ প্রশাসন \(Human Resources Administration\)](#)-এর মাধ্যমে Medicaid-এ তালিকাভুক্ত হয়ে থাকেন তাহলে আপনার যেকোনো প্রশ্ন থাকলে সেই অফিসে যোগাযোগ করুন।
- আরও জানতে <https://info.nystateofhealth.ny.gov/COVID-19-Changes> দেখুন। আরও তথ্য উপলভ্য হলে নিউইয়র্ক ক্রমাগত এই ওয়েবপৃষ্ঠাটি আপডেট করবে।